ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

'গজনি টু' আসছে?

পৃঃ ৫

দুবাইয়ে কার হাত ধরে ঘুরছেন সানিয়া মির্জা!

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৮৪ ● কলকাতা ● ০৫ কার্ত্তিক, ১৪৩১ ● মঙ্গলবার ● ২২ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

একলা চলোর ডাক কংগ্রেসের অন্দরে,

অথৈ জলে বামেরা, জোটে আগ্রহী আইএসএফ

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : রাজ্যের ৬টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের দিনক্ষণ ইতিমধ্যেই ঘোষিত হয়ে গিয়েছে। আগামী ১৩ নভেম্বর রয়েছে সেই নির্বাচন। এই ৬টি আসনের মধ্যে উত্তরবঙ্গে রয়েছে ২টি আসন ও দক্ষিণবঙ্গে রয়েছে ৪টি আসন। একুশের বিধানসভা নির্বাচনে এই ৬টি আসনের মধ্যে ৫টি গিয়েছিল তৃণমূলের দখলে।এই অবস্থায় বামেরা চাইছে, আইএসএফের সঙ্গে জোট গড়তে। সেই জোটে আগ্রহী আইএসএফও। সেক্ষেত্রে হাড়োয়া বামেরা ছেড়ে দেবে আইএসএফ-কে লড়াই করার জন্য। নিজেরা বাকি ৫ আসনে প্রার্থী দেবে। সেই সঙ্গে সিপিআই(এম) চেষ্টা করছে নিজেরা নৈহাটি ও তালড্যাংরায় প্রার্থী দিয়ে বাকি ৩ আসন ৩ বাম শরিককে ছেড়ে দিতে। সেক্ষেত্রে মাদারিহাটে আরএসপি, সিতাইয়ে ফরওয়ার্ড ব্লক এবং মেদিনীপুরে সিপিআই প্রার্থী দেবে। কিন্তু তারপরেও প্রশ্ন থাকছে, কত শতাংশ ভোট মিলবে সেক্ষেত্রে। কেননা যে আর জি কর কাণ্ডকে ঘিরে রাজ্য রাজনীতিতে বামেদের ঘুরে দাঁড়ানোর চেষ্টা, সেই চেষ্টাই কার্যত ব্যর্থ হতে বসেছে ডাক্তারদের পদক্ষেপে। তাঁদের কর্মবিরতি ক্ষুব্ধ করে তুলছে সাধারণ মানুষকে। সেই ক্ষোভের ঝড় আছড়ে পড়তে পারে বাম বিরোধী তৃণমূলের

এরপর ৩ পাতায়

পুরীর মাঝে আছড়ে পড়তে পারে 'দানা',

বৃহস্পতিবার রাতেই ঘূর্ণির ল্যান্ডফলের সম্ভাবনা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : তৈরি হওয়া নিম্নচাপ অঞ্চল থেকে ঘূর্ণিঝড় তৈরি হলে, তার সরাসরি প্রভাব পড়তে পারে বাংলা ও ওড়িশার উপকূলে। আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাভাস, মঙ্গলবার সকালে এটি গভীর নিম্নচাপের পরিণত হতে পারে। এর পর শক্তি বৃদ্ধি করে বুধবার পূর্ব-মধ্য বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড়ের রূপ নিতে পারে সেটি।বুধবার বিকেল থেকেই বাংলা ও ওড়িশা উপকূলের কাছাকাছি সমুদ্র উত্তাল হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। বৃহস্পতিবার সন্ধ্যা থেকে শুক্রবার সকাল পর্যন্ত তা আরও বেশি উত্তাল হওয়ার সম্ভাবনা। সোমবার থেকেই আন্দামান সাগর উত্তাল হতে শুরু করেছে। সে ক্ষেত্রে মৎস্যজীবীদের সোমবার থেকেই আন্দামান সাগরে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। সোমবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত পূর্ব ও মধ্য বঙ্গোপসাগরে মৎস্যজীবীদের না যাওয়ার জন্য সতর্ক করা হয়েছে। বাংলা ও ওড়িশার উপকূল সংলগ্ন বঙ্গোপসাগরেও বুধবার থেকে শুক্রবার পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। যাঁরা সমুদ্রে রয়েছেন, তাঁদের সোমবারের মধ্যেই উপকূলে ফিরে আসার পরামর্শ দেওয়া হয়েছে। ঘূর্ণিঝড়ের রূপ নিলে এটির নাম হবে 'দানা'। ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার পর এটি উত্তর ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে। বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকালেই বাংলা ও ওড়িশার উপকূলের কাছাকাছি পৌঁছে যাবে ঘূর্ণিঝড়। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন, ২৪ অক্টোবর রাত এবং ২৫ অক্টোবর সকালের

লাইভ স্ট্রিমিং-এর মধ্যে দিয়ে

নবান্নে জুনিয়র ডাক্তাররা বৈঠক করলে মুখ্যমন্ত্রীর সাথে

কলকাতা: নিউজ সারাদিন : আরজি কর কাণ্ডে যে নবান্নে গিয়েও লাইভ স্ট্রিমিংয়ের দাবিতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠক না করেই চলে এসেছিলেন জুনিয়র ডাক্তাররা, সেই নবান্নতেই সোমবার লাইভ স্ট্রিমিং করেই বৈঠকে বসলেন মুখ্যমন্ত্রী-জুনিয়র চিকিৎসকরা। গত ১২ সেপ্টেম্বর নবান্নের সেই বৈঠক বাতিলের পর অবশ্য মমতা বন্দ্যোপাধ্যায়ের বাসভবনে দু'বারের চেষ্টায় বৈঠক হয়েছিল।তবে, সেই বৈঠকেরও লাইভ স্ট্রিমিং হয়নি। এবং রফাসূত্রও মেলেনি। আন্দোলনের নানান ধরন পরিবর্তনের মাধ্যমে অবশেষে আমরণ অনশনে বসেছেন জুনিয়র ডাক্তাররা। মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব অবশেষে শনিবার ধর্মতলায় অনশন মঞ্চে যান। ফোনে সরাসরি আন্দোলনকারীদের সঙ্গে কথা বলেন মুখ্যমন্ত্রী। দীর্ঘ প্রায় এক ঘণ্টা কথা হওয়ার পর ঠিক হয় সোমবার বিকেল পাঁচটায় শুরু হবে বৈঠক। কিন্তু সেই বৈঠক যে রাজ্য সরকার সরাসরি সম্প্রচার করবে, তা কোনও ভাবেই আগে প্রকাশ করা হয়নি। ফলে জুনিয়র চিকিৎসকদের সঙ্গে বৈঠকের সরাসরি সম্প্রচার শুরু হতেই রীতিমতো শোরগোল পড়ে যায়।এদিন বৈঠকের শুরুতেই

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা

আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume
mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান মেরিনা

বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন : বিজেপির প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জন বারলরশ্বষ্ঠ বোন মেরিনা বেশ কিছু মানুষকে সঙ্গে নিয়ে বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করলেন। প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা বিজেপি নেতা জন বার্লার বোন মেরিনা এদেরকুজুর যোগ দিলেন তৃণমূল কংগ্রেসে। শাসক দলের বিজয়া সম্মিলনীর আয়োজন করা হয়েছিল নাগরাকাটায়। সেখানেই আইএনটিটিইউসির রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের হাত থেকে তৃণমূলের পতাকা তুলে নেন মেরিনা।উল্লেখ্য, জন বার্লার বোন এতদিন জলপাইগুড়ির এসটি মোর্চার জেলা সভাপতি ছিলেন। ২০১৮ সালের পঞ্চায়েত নির্বাচনে সুলকাপাড়া এলাকা থেকে বিজেপির টিকিটে নির্বাচিত হন মেরিনা। বিজেপির অন্দরে গুঞ্জন ছিল, এই উপনির্বাচনে বিজেপির থেকে টিকিট পাবেন বলে আশা করেছিলেন মেরিনা। কিন্তু টিকিট না পেতেই তৃণমূলে যোগ দিলেন তিনি। লোকসভা ভোটে জন বার্লাকেও টিকিট দেয়নি বিজেপি।মেরিনা অবশ্য দাবি করেছেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের কাজ দেখেই তিনি তৃণমূলে যোগ দিলেন। বিজেপির বিরুদ্ধে তাঁর অভিযোগ, দল থেকে এতদিনে তিনি কোনও সহযোগিতা পাননি। এদিকে এই সিদ্ধান্তের সঙ্গে তাঁর দাদা জন বার্লার কোনও যোগ নেই বলে স্পষ্ট করেছেন মেরিনা।

সত্যিই কি পদত্যাগ করেছিলেন হাসিনা?

আড়াই মাস পর বিস্ফোরক দাবি বাংলাদেশের রাষ্ট্রপতির

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : সত্যিই কি বাংলাদেশের প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়েছিলেন শেখ হাসিনা? নাকি তাঁকে জোর করেই দেশ ছাড়া করা হয়েছিল? গত অগস্ট থেকে বিভিন্ন আলোচনা চলছে এই বিষয় নিয়ে। কারণ, বর্তমান অন্তবর্তী সরকার এক কথা বলছে। আর আওয়ামি লিগ সভানেত্রী শেখ হাসিনা বলছেন অন্য কথা। সাধারণ মানুষ কাকে বিশ্বাস করবেন, বুঝে পাচ্ছেন না।এদিকে, মতিউর রহমান চৌধুরী জানিয়েছেন, যদি সত্যিই প্রধানমন্ত্রীর ইস্তফাপত্র জমা দেয়া হয়, তাহলে তার অনুলিপি কারও না কারও কাছে থাকা উচিত। কিন্তু এখনও পর্যন্ত কারও কাছেই সেই অনুলিপি পাওয়া যায়নি। বাংলাদেশের সবচেয়ে বড় সরকারী বিভাগ হল মন্ত্রিপরিষদ বিভাগ। এখানে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীদের পদত্যাগপত্র সংরক্ষণ করা হয়। কিন্তু সেখানেও শেখ হাসিনার কোনও পদত্যাগপত্র বা এই সংক্রান্ত কোন নথি পাওয়া যায়নি।কেউই নিশ্চিত করে বলতে পারছেন না, গত ৫ অগস্ট গণভবনে ঠিক কী হয়েছিল। অবশেষে প্রায় আড়াই মাস পর, বিষয়টি খোলসা করলেন বাংলাদেশের রাষ্ট্রপতি মহম্মদ সাহাবুদ্দিন চুপ্পু। সোমবার (২১ অক্টোবর), তিনি বলেছেন, "আমিও শুধু মুখেই শুনেছি প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করেছেন। তবে আমার কাছে এর কোনও প্রামাণ্য দলিল বা অন্য কোনও নথিপত্র নেই।

বাংলাদেশের জনপ্রিয় দৈনিক সংবাদপত্র 'মানবজমিন'-এর প্রধান সম্পাদক, মতিউর রহমান চৌধুরীকে এক বিশেষ সাক্ষাৎকারে দিয়েছেন বাংলাদেশের রাষ্ট্রপতি। তিনি বলেছেন, "আমি বহুবার পদত্যাগপত্র সংগ্রহের চেষ্টা করেছি, কিন্তু ব্যর্থ হয়েছি।' তিনি জানান, গত ৫ অগস্ট সকাল সাড়ে ১০টায় প্রধানমন্ত্রীর বাসভবন থেকে বঙ্গভবনে একটি ফোন এসেছিল। তাতে বলা হয়েছিল, প্রধানমন্ত্রী আসবেন রাষ্ট্রপতির সঙ্গে দেখা করতে। কিন্তু এক ঘণ্টার মধ্যে আরেকটি ফোন করে বলা হয়, শেখ হাসিনা আসবেন না।বাংলাদেশের রাষ্ট্রপতি বলেন, "চারদিকে অস্থিরতার খবর। কী হতে যাচ্ছে জানি না। হঠাৎ শুনলাম, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ছেড়ে চলে গিয়েছেন। সেনাপ্রধান জেনারেল ওয়াকার যখন আমার কাছে বঙ্গভবনে এলেন, তখন শুনলাম শেখ হাসিনা পদত্যাগ করেছেন। এর কিছুদিন পর একদিন মন্ত্রিপরিষদ সচিব আমার কাছে পদত্যাগপত্রের কপি সংগ্রহ করতে আসেন। আমি তাঁকে বলি, আমিও তো একই জিনিস সবার কাছে খুঁজছি।" বাংলাদেশের রাষ্ট্রপতি আরও বলেন, "এই প্রশ্নটি যাতে আর কখনও না ওঠে তা নিশ্চিত করতে আমি সুপ্রিম কোর্টের মতামত চেয়েছি।"

জেলা সভাপতির পদ ছাড়ার

ইঙ্গিত দিলেন অনুব্রত মণ্ডল



বীরভূম: নিউজ সারাদিন : পুজোর আগেই তিহাড় জেল থেকে বাড়ি ফিরেছেন বীরভূমের 'বাঘ' অনুব্রত মণ্ডল। সংগঠন চাঙা করতে কর্মিদের সঙ্গে সভাও করছেন। কয়েকদিন আগেই মুরারইয়ের সভা থেকে কর্মীদের একজোট হতে বলেছিলেন। কিন্তু এবার তাঁর গলা শোনা গেল অন্য সুর।তৃণমূল জেলা সভাপতির পদ ছাড়ার ইঙ্গিত দিয়ে ফেললেন অনুব্রত। তবে এই মুহূর্তেই নয়। ২০২৬ সালের মমতা বন্দ্যোপাধ্যায়কে চতুর্থবার মুখ্যমন্ত্রীর আসনে বসিয়ে তবেই জেলা সভাপতির পদ ছাড়বেন কেষ্ট।সোমবার সিউড়ির পুরন্দরপুর এলাকার বিজয়া সম্মেলন ছিল। সেখানে উপস্থিত হয়েছিলেন অনুব্রত মণ্ডল। সেখানে বক্তব্য রাখতে গিয়ে কেষ্ট বলেন, "নুরুল খুব ভালো ছেলে। আমরা একসাথে রাজনীতি করেছি এবং একসাথে কাজ করেছি। আমি নুরুলকে বলব এখনই পদ না ছাড়ার কথা। আরেকবার মমতা বন্দ্যোপাধ্যায়কে মুখ্যমন্ত্রী করে দেওয়ার পর ছাড়তে হলে, একসাথে দুই দাদা ভাই মিলে ছাড়ব। বীরভূমে অনুব্রত ঘনিষ্ঠ বলে পরিচিত নুরুল ইসলাম। দুজনেই প্রায় একই সঙ্গে রাজনৈতিক জীবনে পথ চলা শুরু করেছিলেন। অনেকেই নুরুল ইসলামকে 'ছোট কেষ্ট' নামে ডাকেন। নুরুল সিউড়ি ২ ব্লকের সভাপতি। চলতি বছরের জুলাই মাসে তিনি পদত্যাগ করার ইচ্ছে প্রকাশ করে অভিষেক বন্দ্যোপাধ্যায় ও শতাব্দী রায়কে চিঠি লিখেছিলেন। তাঁর পদ ছাড়ার নিয়ে রাজনৈতিক শোরগোল পড়ে যায় সেই সময়ে। পদ ছাড়ার কারণ প্রসঙ্গে নুরুল ইসলাম জানিয়েছিলেন, তিনি পরবর্তী প্রজন্মের হাতে দায়িত্ব ছেড়ে দিতে চান। তিনি মেন্টর হয়ে থাকতে চেয়েছিলেন। যদিও বিজেপির দাবি ছিল নুরুল ভয়ে পেয়েই পদ ছাড়তে চাইছেন। কারণ তাঁর নামে ভুয়ো অ্যাকাউন্টের হদিশ পেয়েছিল সিবিআই।

দিল্লি থেকে পদ্ম শিবির বাংলার

ছয় বিধানসভা উপনির্বাচনের প্রার্থী ঘোষণা করল

বেবি চক্রবর্ত্তী: দিল্লী: নিউজ সারাদিন : আগামী ১৩ নভেম্বর বাংলার ৬টি বিধানসভা আসনে উপনির্বাচন। তার আগে ৬টি কেন্দ্রের প্রার্থী ঘোষণা করে দিল বিজেপি। শনিবার সন্ধেয় পদ্মশিবিরের হাইকমান্ড দিল্লি থেকে বিজ্ঞপ্তি জারি করে ৬ কেন্দ্রের প্রার্থী ঘোষণা করেছে।পশ্চিমবঙ্গের যে ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন সেগুলি হল নৈহাটি, মেদিনীপুর, তালড্যাংরা, হাড়োয়া, মাদারিহাট এবং সিতাই। গত ২০২১ বিধানসভা নির্বাচনে এই ৬টির মধ্যে ৫টিই দখলে গিয়েছিল শাসকদল তৃণমূল কংগ্রেসের। একটি বিজেপির ঝুলিতে যায়। এছাড়াও বিজেপির প্রার্থী তালিকা :-

সিতাই- দীপক কুমার রায়
মাদারিহাট- রাহুল লোহার
নৈহাটি- রূপক মিত্র
হাড়োয়া- বিমল দাস
মেদিনীপুর- শুভজিৎ রায়
তালড্যাংরা- অনন্যা রায় চক্রবর্তী

কেন ৬ কেন্দ্রে উপনির্বাচন?

সিতাই কেন্দ্রের বিধায়ক জগদীশ চন্দ্র বসুনিয়া গত লোকসভা নির্বাচনে কোচবিহার কেন্দ্র থেকে তৃণমূলের প্রার্থী হয়ে জেতেন। তিনি লোকসভায় যাওয়ায় সিতাই বিধানসভা আসনটি ফাঁকা রয়েছে।

উত্তরবঙ্গের আরও একটি গুরুত্বপূর্ণ আসন মাদারিহাট। একুশের নির্বাচনে যেখান থেকে দ্বিতীয়বারের জন্য জয়ী হন বিজেপির মনোজ টিগ্গা। তার পর চব্বিশের লোকসভায় তাঁকে আলিপুরদুয়ার থেকে প্রার্থী করে বিজেপি। তিনি জিতে যাওয়ায় মাদারিহাট আসনে উপনির্বাচন হবে।নৈহাটি কেন্দ্রের বিধায়ক ছিলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী পার্থ ভৌমিক। তাঁকে ব্যারাকপুর লোকসভা কেন্দ্র থেকে টিকিট দেয় তৃণমূল। তিনি জিতে সাংসদ হওয়ায় নৈহাটিতে উপনির্বাচন হবে।আরজি কর কাণ্ডের পর রাজ্যে প্রথম ভোট, নজিরবিহীন সুরক্ষার বন্দোবস্ত

মেদিনীপুর বিধানসভার বিধায়ক জুন মালিয়া চব্বিশের লোকসভা ভোটে বিজেপির অগ্নিমিত্রা পালকে হারিয়েছিলেন। সেই মেদিনীপুর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হবে।হাড়োয়ার বিধায়ক হাজি শেখ নুরুল ইসলামকে চব্বিশে বসিরহাট লোকসভা কেন্দ্র থেকে টিকিট দেয় তৃণমূল। তিনি হারান সন্দেশখালির প্রতিবাদী মহিলা তথা বিজেপি প্রার্থী রেখা পাত্রকে।সেখানেও হবে উপ নির্বাচন।

মহানন্দা নদীতে স্নান করতে নেমে

জলে ডুবে মৃত্যু মৃত্যু তিন কিশোরের

বেবি চক্রবর্ত্তী:মালদা: নিউজ সারাদিন : মহানন্দা নদীতে স্নান করতে নেমে জলে ডুবে মৃত্যু মৃত্যু তিন কিশোরের। ফলে গভীর শোকের ছায়া বিরাজ করেছে রতুয়া দুই নম্বর ব্লকের পুখুরিয়া থানার টেকনা ঘাট এলাকায়। মৃত তিন কিশোরের নাম বিশ্বজিৎ চৌধুরী, আদিত্য চৌধুরী এবং সত্যজিৎ চৌধুরী। তিনজনই সম্পর্কে কাকাতো ভাই। সোমবার বিকাল নাগাদ শোকাহত পরিবারের সাথে দেখা করে সমবেদনা জানান মালদা জেলার তৃণমূল কংগ্রেস সভাপতি আব্দুর রহিম বক্সী। উল্লেখ্য, গত রবিবার ছয় বন্ধু মিলে বাড়ি থেকে কিছুটা দূরে মহানন্দা নদীর টেকনা ঘাটে স্নান করতে গিয়েছিল। কিন্তু স্নান করার সময় তিন বন্ধু আগেই বাড়ি ফিরে আসে। এরপর বাকি তিনজন মিলে স্নান করছিল। তখনই হঠাৎ করে তিনজন জলে তলিয়ে যায় বলে খবর। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই নদী ঘাটে ভিড় জমতে শুরু করে স্থানীয় লোকজনের। সঙ্গে সঙ্গে স্থানীয়রা নৌকা নিয়ে নদীতে জাল ফেলে উদ্ধার কার্য শুরু করেন। অবশেষে বেলা আড়াইটা নাগাদ তিনজনের নিথর দেহ উদ্ধার হয়। তড়িঘড়ি তাদের নিয়ে যাওয়া হয় স্থানীয় হাসপাতালে।কিন্তু চিকিৎসক তিনজনকেই মৃত বলে ঘোষণা করেন। গোটা এলাকা জুড়ে নেমে আসে শোকের ছায়া। আজ বিকাল নাগাদ শোকাগ্রস্ত পরিবারের সাথে দেখা করে সমবেদনা জানান মালদা জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি আব্দুর রহিম বক্সী। তিনি পরিবারটির পাশে থাকার আশ্বাস দেন।

১-ম পাতার পর

পুরীর মাঝে আছড়ে পড়তে পারে 'দানা', বৃহস্পতিবার রাতেই ঘূর্ণির ল্যান্ডফলের সম্ভাবনা

মধ্যে উত্তর ওড়িশা এবং পশ্চিমবঙ্গের উপকূলের উপর দিয়ে বয়ে যেতে পারে 'দানা'। বাংলার সাগরদ্বীপ এবং ওড়িশার পুরীর মধ্যবর্তী কোনও জায়গায় ভূভাগে আছড়ে পড়তে পারে ঘূর্ণিঝড়। ঘূর্ণিঝড়টি স্থলভাগে পৌঁছনোর পর উপকূলীয় এলাকায় ঝড়ের গতিবেগ থাকতে পারে ১০০-১১০ কিলোমিটার প্রতি ঘণ্টা। ১২০ কিলোমিটার প্রতি ঘণ্টায় বইতে পারে দমকা হাওয়া। হাওয়া অফিসের পূর্বাভাস, ২৩ অক্টোবর (বুধবার) দক্ষিণবঙ্গের প্রায় সব জায়গাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। কিছু জায়গায় বিক্ষিপ্ত ভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে বৃহস্পতি ও শুক্রে দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, হাওড়া, হুগলি, কলকাতা ও বাঁকুড়ায় দুই-এক জায়গায় অতি ভারী বৃষ্টি হতে পারে। এই আট জেলাতেই ঘূর্ণিঝড়ের প্রভাব লক্ষ করা যাবে।কাঁচা বাড়ির ক্ষয়ক্ষতির আশঙ্কার কথাও জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। ঝড়ে টিনের শেড উড়ে যাওয়ার আশঙ্কাও রয়েছে। গাছপালা ভেঙে পড়া, বিদ্যুৎ সংযোগ এবং সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ারও আশঙ্কার কথা জানিয়েছে হাওয়া অফিস। নদীবাঁধ এবং শস্যের সম্ভাব্য ক্ষয়ক্ষতির বিষয়েও সতর্ক করা হয়েছে।

সোমবার দুপুরে হাওয়া অফিসের দেওয়া সর্বশেষ তথ্য অনুযায়ী, বর্তমানে পূর্ব ও মধ্য বঙ্গোপসাগরে একটি সুস্পষ্ট নিম্নচাপ অঞ্চল রয়েছে। মৌসম ভবনের পূর্বাভাস, এটি ক্রমে পশ্চিম ও উত্তর-পশ্চিম দিকে এগোবে। মঙ্গলবার সকালে গভীর নিম্নচাপে পরিণত হতে পারে এই নিম্নচাপ অঞ্চলটি। এর পর আরও শক্তি বৃদ্ধি করে শক্তিশালী ঘূর্ণিঝড়ের রূপে এগিয়ে আসতে পারে উপকূলের দিকে।

পশ্চিমবঙ্গ ও ওড়িশার উপকূলে বুধবার বিকেল থেকে ৪০-৫০ কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। তা বৃদ্ধি পেতে পেতে ১০০-১১০ কিলোমিটার প্রতি ঘণ্টায় পৌঁছবে। দমকা হাওয়া বইতে পারে ১২০ কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে। বৃহস্পতিবার বিকেল থেকে শুক্রবার সকাল পর্যন্ত ঝড়ের এই গতি থাকবে উপকূলীয় অঞ্চলে। তার পর ক্রমশ তা কমতে শুরু করবে।

১-ম পাতার পর

একলা চলোর ডাক কংগ্রেসের অন্দরে, অথৈ জলে বামেরা, জোটে আগ্রহী আইএসএফ

ঘরে। সেখানে বেশি ভোট পড়লে, বামেদের ভাগ্যে কী আসবে? বিজেপি যদি নিজেদের ভোটের সঙ্গে তাঁদের দিকে যাওয়া বাম ভোট ধরে রাখতে সক্ষম হয় তাহলে বাম বাক্সে কত শতাংশ ভোট আসবে? নাকি শেষে কুণাল ঘোষের কথা সত্যি করে তৃতীয় বা চতুর্থ হয়ে থাকতে হবে! ভাবাচ্ছে বামেদের।১টি পেয়েছিল বিজেপি। এবারে তৃণমূল ৬-০ করার লক্ষ্য নিয়েই মাঠে নামছে। বিজেপি সবার আগে এই ৬ কেন্দ্রের প্রার্থীর নাম ঘোষণা করে দিয়েছে। কিন্তু তারপরেও তাঁরা এই ৬ কেন্দ্রের মধ্যে একটিতেও জিততে পারবে কিনা তা নিয়ে নিজেরাই ঘোর সন্দিগ্ধ। কেননা অনেকেই মনে করছেন আর জি কর আন্দোলনকে ঘিরে রাজ্য রাজনীতিতে বামেদের ঘুরে দাঁড়ানো লাল পার্টির প্রার্থীদের এই উপনির্বাচনে বাড়তি অ্যাডভান্টেজ দেবে। বাংলায় বিজেপির বাড়বৃদ্ধি হয়েছে বাম ভোট ভাঙিয়ে। কিন্তু এবার কিছুটা হলেও বাম ভোট রামের কাছ থেকে বামেদের কাছেই ফিরতে পারে। আর সেটাই বেশ চাপে রেখেছে বিজেপিকে। এর কিছুর পরেও অবশ্য স্বস্তিতে নেই লালেরা। কেননা, কংগ্রেস চাইছে একা লড়াই করতে।বাংলায় তৃণমূলের বিরুদ্ধে লড়াই করতে একুশের ভোটে বামেরা শুধু যে কংগ্রেসকে কাছে টেনেছিল তাই নয়, হাত ধরেছিল আইএসএফেরও। কিন্তু তাতে বাম বা কংগ্রেসের লাভ হয়নি। বরঞ্চ দুই দলই বাংলার বিধানসভা থেকে বিলুপ্ত হয়ে গিয়েছে। আইএসএফ অবশ্য সক্ষম হয়েছে রাজ্য বিধানসভায় পা রাখার। এখন কংগ্রেসের রাজ্য নেতৃত্বের মধ্যেও বদল এসেছে। সেই সুবাদে তাঁদের মধ্যে এখন মতের পরিবর্তনও ঘটেছে। তৃণমূল বিরোধিতায় এখনও অনড় প্রদেশ কংগ্রেসের বেশির ভাগ নেতাই। কিন্তু কংগ্রেস হাইকম্যান্ড চান না রাজ্যে কংগ্রেসের সঙ্গে তৃণমূলের সম্পর্ক সাপে নেউলে হয়ে থাকুক। এই অবস্থায় প্রদেশ কংগ্রেসের বর্তমান রাজ্য নেতৃত্ব উগ্র তৃণমূল বিরোধিতায় হাঁটতে চাইছে না। আবার বামেদের সঙ্গেও মাখামাখি করতে চাইছে না। তাঁরা এখন আগ্রহী একক ভাবে লড়াই করে দলের ভোট ব্যাঙ্ক ও সমর্থন বাড়িয়ে নিতে। আর সেটাই এখন চাপে ফেলে দিয়েছে বামেদের। কংগ্রেস একক ভাবে লড়াই করে কোথাও জিততে পারবে না সেটা সবাই জানে। কিন্তু পাশে কংগ্রেস থাকলে বামেরা কিছু আসনে তৃণমূলকে কঠিন লড়াই দিতে পারতো। সেই সুযোগ আর থাকছে না।

১-ম পাতার পর

লাইভ স্ট্রিমিং-এর মধ্যে দিয়ে নবান্নে জুনিয়র ডাক্তাররা বৈঠক করলে মুখ্যমন্ত্রীর সাথে

মুখ্যমন্ত্রী জুনিয়র চিকিৎসকদের উদ্দেশ্যে বলেন, "সবাই চলে এসেছে। ১ মিনিট আগে কি শুরু করতে পারি বৈঠক? তোমাদের প্রথমে ধন্যবাদ জানাই আজ সময়ে এসেছ বলে। তোমাদের যারা অনশন করছ, তারা ভাল আছে তো? আশা করি আপনাদের দাবি বাড়াবেন না। প্রতিদিন তো এটা হতে পারে না। সবাই চাইছে পরিস্থিতির বদল হোক। আপনারা শুরু করুন। এরপরই নিজেদের বক্তব্য জানাতে শুরু করেন দেবাশিস হালদাররা।আজও ১০ জন জুনিয়র ডাক্তারকে ডাকা হলেও নবান্নে গিয়ে পৌঁছন ১৭ জন। যদিও তাঁদের সকলকেই বৈঠকে যোগ দিতে দেয় রাজ্য সরকার। তবে, আজকের বৈঠকের অন্যতম চমকের বিষয় হয়ে রইল বৈঠকের লাইভ স্ট্রিমিং।

সঞ্জয় বিনায়ক যোশীর বিজেএমসি নেতাদের সঙ্গে বৈঠক

জয়দীপ যাদব : কলকাতা : নিউজ সারাদিন : আবারও জাতীয় স্তরে খবরে রয়েছেন সঞ্জয় বিনায়ক যোশী। তাঁকে বিজেপির জাতীয় সভাপতি করা হতে পারে। যদিও আনুষ্ঠানিক কোনো ঘোষণা করা হয়নি, নাগপুরে সঙ্ঘের শীর্ষ নেতৃত্ব যোশীর নাম মেনে নিলেও নরেন্দ্র মোদি ও অমিত শাহের সমর্থন না পাওয়ায় তার পথ চলা কঠিন হতে পারে। আজ, নয়াদিল্লিতে জাতীয় বিজেপি নেতা সঞ্জয় বিনায়ক যোশীর সভাপতিত্বে ভারতীয় জনতা মজদুর সেল (বিজেএমসি) নিয়ে জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জির নেতৃত্বে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন রাজ্যের বিজেএমসির সংগঠন নিয়ে আলোচনা হয় বিজেএমসির।জাতীয় সম্পাদক রাজু আয়েঙ্গার, জাতীয় বিজেএমসি সাধারণ সম্পাদক যশ পাওয়ার, পাঞ্জাব বিজেএমসি সভাপতি ইনরাগ সিং, বেঙ্গল বিজেএমসি সভাপতি তন্ময় ঘোড়াই, সাধারণ সম্পাদক প্রসেনজিৎ কর প্রমুখ। তবে বিজেপির সাংগঠনিক কাঠামোতে সংঘ কতটা প্রভাব ফেলবে তা নির্ভর করবে যোশীকে জাতীয় সভাপতি করা হয় কি না, তার ওপর। তবে নাগপুরে সংঘের খুব কাছের এক সাংবাদিকের মতে, সঙ্ঘ তার নাম শতভাগ চূড়ান্ত করেছে।

কর্মযোগী শপথ'- জাতীয় শিক্ষা সপ্তাহ-এর সূচনা করলেন প্রধানমন্ত্রী

নতুন দিল্লি, ১৯ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন : নয়া দিল্লির ডঃ আম্বেদকর আন্তর্জাতিক কেন্দ্রে আজ 'কর্মযোগী শপথ'- জাতীয় শিক্ষা সপ্তাহ-এর সূচনা করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এই কর্মসূচির সূচনা উপলক্ষে আয়োজিত এক সমাবেশে শ্রী মোদী বলেন যে মিশন কর্মযোগী-র মাধ্যমে যে লক্ষ্য পূরণে আমরা আগ্রহী তা হল এমন এক মানবসম্পদ গড়ে তোলা যা দেশের উন্নয়নের যাত্রাপথে এক চালিকাশক্তির ভূমিকা পালন করবে। এই আবেগ ও অনুভূতি নিয়ে যদি আমরা কাজ করে যাই, তাহলে কোন ভাবেই দেশের অগ্রগতি ব্যাহত হবে না। জাতীয় শিক্ষা সপ্তাহে অর্জিত নতুন শিক্ষা, জ্ঞান ও অভিজ্ঞতা সার্বিক ভাবে কর্মক্ষেত্রে শক্তি যোগানোর পাশাপাশি তা কাজের মানও উন্নত করে তুলবে। আর এই ভাবেই আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্য বাস্তবায়িত হবে। গত ১০ বছরে সরকারি কাজকর্মে কর্মীদের মানসিকতার কিভাবে পরিবর্তন ঘটেছে তা সংক্ষেপে বর্ণনাও করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে এর সুফল আজ সাধারণ মানুষ ভোগ করতে পারছেন। সরকারি কাজকর্মের মধ্য দিয়ে সংশ্লিষ্ট কর্মীদের নিরলস প্রয়াস ও প্রচেষ্টাই একদা অসম্ভবকে আজ সম্ভব করে তুলেছে। 'মিশন কর্মযোগী' হল তার লক্ষ্য পূরণে এক সুচিন্তিত পদক্ষেপ। প্রধানমন্ত্রী বলেন, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা সারা পৃথিবীর কাছে এক বিশেষ সুযোগ নিয়ে উপস্থিত। কিন্তু ভারতের ক্ষেত্রে তা একাধারে একটি চ্যালেঞ্জ ও সুযোগও বটে। প্রসঙ্গত দু-ধরনের এআই-এর কথা এদিন উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তার মধ্যে একটি হল আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা এবং অন্যটি হল অ্যাসপিরেশ্যানাল ইন্ডিয়া অর্থাৎ এক বিশেষ লক্ষ্য পূরণে আগ্রহী ভারত। এই দুইয়ের মধ্যে সামঞ্জস্য ও ভারসাম্য রক্ষার ওপর জোর দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সুনির্দিষ্ট লক্ষ্যে আগ্রহী ভারতের লক্ষ্য পূরণ যদি আমরা চরিতার্থ করতে যাই, তাহলে অবশ্যই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্য গ্রহণ করতে হবে। প্রধানমন্ত্রী বলেন, ডিজিটাল রূপান্তর প্রচেষ্টা এবং সমাজ মাধ্যমের কল্যাণে তথ্য প্রচার ও প্রকাশের ক্ষেত্রে এক ধরনের সমতা আমরা লক্ষ্য করতে পারি। আবার এআই-এর সাহায্যে তথ্যের প্রয়োগ ও ব্যবহারও ক্রমশ আরও সহজ হয়ে উঠেছে। এই ভাবে দেশের নাগরিকরা প্রয়োজনীয় তথ্য সম্পর্কে অবহিত ও অবগত হয়ে ক্ষমতায়নের স্বাদ অনুভব ও উপলব্ধি করতে পারছেন। এই কারণে সরকারি কর্মীদের উচিত সর্বশেষ প্রযুক্তিগত উন্নয়ন সম্পর্কে সর্বদাই ওয়াকিবহল থাকা। এই প্রচেষ্টায় 'মিশন কর্মযোগী' সাফল্য এনে দিতে পারে। প্রসঙ্গত উদ্ভাবনমূলক এবং উদ্ভাবনপ্রসূত চিন্তা-ভাবনার ওপর বিশেষ গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, স্টার্টআপ সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান এবং দেশের তরুণ ও যুবকদের কাছ থেকে সাহায্য ও সহায়তা গ্রহণ করে আমরা নাগরিক কেন্দ্রিক চিন্তা-ভাবনার একটি মঞ্চ গড়ে তুলতে পারি। আইজিওটি মঞ্চটির বিশেষ প্রশংসা করে শ্রী মোদী বলেন, ৪০ লক্ষেরও বেশি সরকারি কর্মী তাতে তাঁদের নাম নথিভুক্ত করেছেন। এই মঞ্চটিতে ১৪০০-রও বেশি কোর্স চালু হয়েছে এবং দেড় কোটির মতো শংসাপত্র দানেরও ব্যবস্থা রয়েছে, যা ইতিমধ্যেই সংশ্লিষ্ট কর্মী ও আধিকারিক লাভ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, মিশন কর্মযোগীর কাজ শুরু হয় ২০২০-র সেপ্টেম্বর মাসে। আন্তর্জাতিক পরিস্থিতি ও প্রেক্ষাপটে ভবিষ্যতের উপযোগী সরকারি সেবা গড়ে তোলাই ছিল এই কর্মসূচির লক্ষ্য। জাতীয় শিক্ষা সপ্তাহে আমাদের এই প্রচেষ্টা নতুন ভাবে উৎসাহিত হবে।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৮৪ সংখ্যা ২২ অক্টোবর, ২০২৪ মঙ্গলবার ০৫ কার্ত্তিক, ১৪৩১

সম্পাদকীয়

বীরভূমে কেষ্ট জমানার ইতি

বিরোধীরা তাঁর পতন দেখতে চায় হামেশাই। দলেরও একটা অংশ তাঁকে নিয়ে বেশ ইর্ষান্বিত। নেহাত মাথার ওপর দিদির হাত, তাই প্রকাশ্যে কেউ কিছু বলেন না। তিনি যে এসব কিছু জানেন না বা বোঝেন না, এমনটা কিন্তু মোটেও নয়। বরঞ্চ তাঁর তিহার বাস তাঁকে এই সব বিষয়ে আরও পরিপক্ক করে দিয়েছে।কেষ্ট অনুগামীদের দাবি, অনুব্রত যতদিন দাপটের সঙ্গে রাজনীতি করেছেন তখন তাঁর সামনে কেউ প্রতিদ্বন্দ্বী হিসাবে দাঁড়াতে পারেননি। তা সে দলের মধ্যেই হোক কী দলের বাইরে। সেই সময় সবাই ভেবেছিলেন অনুব্রতের দাপট দাঁড়িয়ে আছে মস্তানবাহিনীর ওপর। কিন্তু অনুব্রতের জেলযাত্রার পরে সেই মস্তানবাহিনীর টিকির দেখাও কেউ দেখতে পাননি। বিরোধীরাও বলতে পারেনি, তাঁদের ওপর কেউ কোনও অত্যাচার করেছে। বরঞ্চ অনুব্রতহীন জেলায় তৃণমূলের নেতা থেকে কর্মী মায় সমর্থকেরা বিরোধী দলগুলির অত্যাচারের শিকার হয়েছে। এই সময়েই দলে তৃণমূলের অনেক নেতাই অনুব্রত মণ্ডলের শূন্যস্থান পূরণ করতে উঠে পড়ে লাগে। এমন ঘটনা যে ঘটতে পারে সেটা অনুমান করেই সম্ভবত দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অনুব্রত মণ্ডলকে দলের জেলা সভাপতি পদ থেকে সরাননি। দেখা গেল অনুব্রতের বিকল্প কেউ হয়ে উঠতে পারেননি তাঁর অবর্তমানেও। আর এখন তাঁরা দেখছেন, অনুব্রতের ক্যারিশ্মা দাঁড়িয়ে আছে আমজনতার কাছে তাঁর গ্রহণযোগ্যতা আর জনপ্রিয়তার ওপরে। তাই তাঁরা আর যাই হোক কোনওদিনই অনুব্রতের বিকল্প হয়ে উঠতে পারবেন না। এখন তাই নিজেদের ইচ্ছাপূরণ সম্ভব নয় জেনে তাঁরা অনুব্রতের পিছনে তাঁর সমালোচনা শুরু করে দিয়েছেন যা কেষ্ট'র কানে যেতে সময় লাগেনি। সেই কারণেই তিনি কিছুটা তিতিবিরক্ত হয়েই এদিন নিজের সিদ্ধান্তের কথা জানিয়েছেন।আর তাই এখন তিনি নিজে আর জেলায় দলের রাশ একনাগাড়ে নিজের হাতে ধরে রাখতে চান না। সময় থাকতে থাকতেই মাথা উঁচু করেও পদ ছেড়ে চলে যেতে চাইছেন। সেই ইঙ্গিতও এদিন অর্থাৎ সোমবার নিজ মুখেই দিয়ে দিলেন। সেটাও কোনও ঘরোয়া বৈঠকে নয়। প্রকাশ্যে দলেরই বিজয়া সম্মিলনীর মঞ্চ থেকে। খোদ দাদার মুখে এমন কথা শুনে এদিন অনেকেই কান্নায় ভেঙে পড়েছেন। অনেককেই দেখা যায় চোখের জল মুছতে। কিন্তু তিনি নাছাড়বান্দা। '২৬'র পরে আর নয়। দিদিকে আরেকবার মুখ্যমন্ত্রী করে দিই, তারপর আমার ছুটি।' সাফ জানিয়ে দিয়েছেন তিনি। নজরে কেষ্ট, মানে বীরভূম জেলা তৃণমূলের সভাপতি অনুব্রত মণ্ডল। নিজ মুখেই এদিন তিনি দিয়েছেন পদ ছাড়ার ইঙ্গিত।সোমবার সিউড়ির ২ ব্লকের পুরন্দরপুরের মাঠে দলের বিজয়া সম্মিলনীর অনুষ্ঠান ছিল। এই ব্লকেরই তৃণমূলের সভাপতি নুরুল ইসলাম আবার তাঁর বন্ধু। দুজনে প্রায় একসঙ্গেই রাজনৈতিক জীবন শুরু করেছিলেন। সেই নুরুল ইসলামও ব্লক সভাপতির পদ ছাড়তে চেয়ে চিঠি দিয়েছেন দলীয় শীর্ষ নেতৃত্বকে। এদিন তা নিয়ে মুখ খোলেন অনুব্রত। জানান, 'বন্ধু নুরুল, ২০২৬ সালে মমতা বন্দ্যোপাধ্যায়কে চতুর্থবারের জন্য মুখ্যমন্ত্রী পদে বসিয়ে জেলা সভাপতি পদ থেকে আমি সরে দাঁড়াব। তখন তুমিও ব্লক সভাপতি পদ ছেড়ে দিও। নুরুল খুব ভাল ছেলে। আমরা একসঙ্গে রাজনীতিতে পথ চলা শুরু করেছি এবং একসঙ্গে কাজ করেছি। আমি নুরুলকে বলব, এখনই পদ-না ছাড়ার কথা। আর এক বার মমতা বন্দ্যোপাধ্যায়কে মুখ্যমন্ত্রী করে দেওয়ার পর ছাড়তে হলে, একসঙ্গে দাদা-ভাই মিলে পদ ছাড়ব।' কেষ্ট'র মুখে এই কথা শোনা মাত্র সভায় হুলস্থূল ছড়িয়ে পড়ে। কেষ্ট অনুগামীদের অনেককেই হাউ হাউ করে কাঁদতে দেখা যায়। কেউ কেউ নীরবেই চোখের জল মোছেন। কিন্তু এগিয়ে গিয়ে কেউ সাহস পাননি, এই সিদ্ধান্ত প্রত্যাহার করার কথা বলতে। কিন্তু হুট করে নিজের পদ ছাড়ার কথা কেন ঘোষণা করে দিলেন কেষ্ট? দল থেকেই কী তাঁকে পদ ছাড়ার ইঙ্গিত দেওয়া হয়েছে? তিনি সরে গেলে সেই পদে কেই বা আসবে?

অসীম শক্তি

মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)



'আচ্ছা' বলে চলে গেলেন। কিছুক্ষণ পরে জয়দত্ত দেখলেন তাঁর নৌকার সব বাণিজ্যসামগ্রী, অর্থ ছাইতে পরিণত হয়েছে। পরদিন সকালে মাঝিরা রান্নায় বসল। খেয়েদেয়ে নৌকা নিয়ে যাত্রা করতে হবে। কাটা শোল মাছ কাছেই এক কুণ্ডের জলে ধুতে গেল তারা। কী আশ্চর্য! জলের স্পর্শ পেয়ে মাছটি জ্যান্ত হয়ে সাঁতরে চলে গেল। মাঝিরা দৌড়ে এসে জয়দত্তকে সব কথা জানাল। জয়দত্তের মনে পড়ল আগের রাতের কথা। সেই মেয়েটির কথা। তখন পুত্রশোকে কাতর হয়ে বারবার তিনি বলতে লাগলেন,' মাগো দেখা দে। কে তুই মাগো আমাকে এমন পরীক্ষা করে গেলি। আমাকে ক্ষমা কর মা। আমার সন্তানকে বাঁচিয়ে দে।' সেদিন রাতেই স্বপ্নের মধ্যে ফিরে এলেন সেই মেয়েটি। তাঁকে দেখে জয়দত্ত বললেন, 'পুত্র মলো ধন ছাই কিসের লাগিয়া।' কুমারী মেয়ে রূপী তারা মা তাঁকে বললেন, 'ভবানী বলেন সাধু না হও কাতর /প্রাতে উঠি পাবে ধন নৌকার ভিতর।' সেই সঙ্গে তারা মা তাঁকে বললেন, কুণ্ডের জল ছেলের গায়ে ছড়ালেই সে বেঁচে উঠবে। সকালে জয়দত্ত তাঁর হারানো সম্পদ ফিরে পেলেন এবং বশিষ্ঠকুণ্ডের জল ছেলের গায়ে ছেটাতেই ছেলে 'তারা তারা' বলে বেঁচে উঠল। ছেলের মুখে তারা নাম শুনে বিস্মিত জয়দত্ত বুঝতে পারলেন দেবী তারার অলৌকিক কৃপার কথা। পুত্রকে ফিরে পাওয়ার আনন্দে তিনি সারাদিন বসে তারা মায়ের জপ করতে লাগলেন। রাতে আবার দেবী তাঁকে স্বপ্নে দর্শন দিলেন। তাঁকে আদেশ করে বললেন, 'এই জঙ্গলের মধ্যে একটা শ্বেতশিমুল গাছের নীচে একটা শিলাবিগ্রহ রয়েছে। সেই বিগ্রহ একটা মন্দিরে প্রতিষ্ঠা করে তার পুজোর ব্যবস্থা করবি। আমি হলাম উগ্রতারা। জঙ্গলের মধ্যে শ্মশানে আমার বাস।'

পরদিন সকালে লোকজন নিয়ে সেই বিশাল জঙ্গলে খুঁজে খুঁজে শ্বেতশিমুল গাছের নীচ থেকে শিলাবিগ্রহ আবিষ্কার করলেন জয়দত্ত। কাছেই পেলেন চন্দ্রচূড় শিবের মূর্তি। বশিষ্ঠকুণ্ড বা জীবিতকুণ্ডের সামনে তাড়াতাড়ি মন্দির নির্মাণ করে সেই শিলামূর্তি ও চন্দ্রচূড় শিবের মূর্তি প্রতিষ্ঠা করলেন তিনি। শুধু তো মন্দির প্রতিষ্ঠা করলেই হবে না। তার নিত্যপূজাও দরকার। তাই জয়দত্ত কাছেই মহুলা গ্রামের এক ব্রাহ্মণকে নিত্যপূজার দায়িত্ব দিয়ে বিদায় নেন।তবে বিজ্ঞান গবেষণার উদ্দেশ্য মায়ের মহিমা বিরাজমান, সেটি আমরা নিজে চোখে দেখে আসতে পারি তারাপীঠে গিয়ে ও।তারাপীঠের মহাশ্মশানের দ্বিতীয় রহস্য লুকিয়ে আছে শ্মশান-সংলগ্ন দ্বারকা নদীর জলে। এই নদী উত্তরবাহিনী। অর্থাৎ এর স্রোত বইছে উত্তর দিকে। হিন্দু ধর্মে উত্তরবাহিনী নদী বিশেষ গুরুত্বপূর্ণ। কেন না, ভারতের প্রায় সব নদীই নেমেছে উত্তর দিকে স্থিত হিমালয় থেকে। অতএব, তাদের ধারা কখনই উত্তর অভিমুখী হবে না। হলে তা বইবে উল্টো খাতে। একমাত্র কাশীতে গঙ্গা উত্তরবাহিনী। আর বীরভূমে দ্বারকা। তাই দ্বারকা নদী মহাশক্তির উৎস। এই নদীজলে স্নান করলেই সিদ্ধিলাভের যোগ্যতা অর্জন করেন মানুষ। দূর হয় সব পাপ।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস উপলক্ষে

আগামীকাল বারাণসী সফর করবেন প্রধানমন্ত্রী

নতুন দিল্লি, ১৯ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামীকাল অর্থাৎ ২০ অক্টোবর বারাণসী সফর করবেন। দুপুর দুটো নাগাদ তিনি সেখানে আর জে শঙ্কর আই হসপিটালের উদ্বোধনের পর বিকেল ৪টে ১৫ মিনিটে বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। বারাণসীর যে চক্ষু হাসপাতালটির তিনি উদ্বোধন করবেন সেখানে চোখের নানা রকম সমস্যার চিকিৎসার ব্যবস্থা রয়েছে। এছাড়াও চক্ষু বিশেষজ্ঞরা সেখানে রোগীদের প্রয়োজনীয় পরামর্শও দান করবেন। হাসপাতালের উদ্বোধনের পর সেখানে কিছু বক্তব্যও রাখবেন প্রধানমন্ত্রী।

দেশের বিভিন্ন প্রান্তে সংযোগ ও যোগাযোগের প্রসারে প্রতিশ্রুতিবদ্ধ প্রধানমন্ত্রী। তারই একটি অঙ্গ হিসেবে তিনি বারাণসীতে বিমানবন্দরের রানওয়ের সম্প্রসারণের পাশাপাশি একটি নতুন টার্মিনাল ভবনের শিলান্যাসও করবেন। এছাড়াও লাল বাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমান বন্দরের আরও কিছু কাজকর্মের আগামীকাল শিলান্যাস হওয়ার কথা। বিমান বন্দরের এই প্রকল্পগুলি সম্পূর্ণ করতে ২,৮৭০ কোটি টাকার মতো ব্যয় হবে বলে অনুমান করা হচ্ছে। আগ্রা বিমান বন্দরের নতুন সিভিল এনক্লেভের শিলান্যাসও করবেন প্রধানমন্ত্রী। এই প্রকল্পে ব্যয়ের মাত্রা ধরা হয়েছে ৫৭০ কোটি টাকা। অন্যদিকে, দ্বারভাঙ্গা বিমানবন্দর এবং বাগডোগরা বিমানবন্দরের উন্নয়ন প্রকল্পের শিলান্যাস খাতে বিনিয়োগের পরিমাণ হবে যথাক্রমে ৯১০ কোটি ও ১৫৫০ কোটি টাকা। প্রধানমন্ত্রী ঐ দিন রেওয়া বিমানবন্দর, মা মহামায়া বিমানবন্দর এবং সরস্বয়া বিমানবন্দরের নতুন টার্মিলান ভবনগুলির উদ্বোধন করবেন। এই টার্মিনাল ভবনগুলি গড়ে তুলতে ব্যয় হয়েছে ২২০ কোটি টাকারও বেশি। সবকটি বিমানবন্দর মিলিত ভাবে বছরে ২ কোটি ৩০ লক্ষেরও বেশি যাত্রী ব্যবহারের উপযোগী করে গড়ে তোলা হবে। ক্রীড়া ক্ষেত্রে শীর্ষ মানের পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে যে দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছেন প্রধানমন্ত্রী তার সঙ্গে সাযুজ্য রেখে আগামীকাল ২১০ কোটি টাকা ব্যয়ে রূপায়িত বারাণসী স্পোর্টস কমপ্লেক্সের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের উদ্বোধন করবেন তিনি। খেলো ইন্ডিয়া ও স্মার্ট সিটির আওতায় এই পুনরুন্নয়নের কাজ বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের লক্ষ্য হল অত্যাধুনিক মানের এক স্পোর্টস কমপ্লেক্স গড়ে তোলা যেখানে একটি জাতীয় উৎকর্ষ কেন্দ্র, খেলোয়াড়দের হস্টেল, ক্রীড়া বিজ্ঞান কেন্দ্র, অনুশীলনের মাঠ, ইন্ডোর শ্যুটিং রেঞ্জ ইত্যাদির ব্যবস্থা থাকবে। আগামীকাল লালপুরে ডঃ ভীমরাও আম্বেদকর স্পোর্টস স্টেডিয়ামের পুরুষ ও মহিলা খেলোয়াড়দের জন্য ১০০ শয্যা বিশিষ্ট দুটি হস্টেলেরও উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। এছাড়াও সেখানে নির্মিত একটি প্যাভিলিয়নেরও তাঁর উদ্বোধন করার কথা। সারনাথে বৌদ্ধ স্থানগুলির পর্যটন প্রসারের লক্ষ্যে নির্মিত কয়েকটি কর্মসূচিরও ঐ দিন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর আগামীকালের এই কর্মসূচিগুলি ছাড়াও বনাসুর মন্দির এবং গুরুধাম মন্দিরে পর্যটন সম্পর্কিত আরও কিছু প্রকল্পের উদ্বোধন হওয়ার কথা রয়েছে। এছাড়াও বিভিন্ন উদ্যানের সৌন্দর্যায়ন ও পুনরুন্নয়ন প্রকল্পে আগামীকাল উদ্বোধনের কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর।

কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে

-: মৃত্যুঞ্জয় সরদার :-

প্রতি বছরে আশ্বিন মাসের পূর্ণিমা তিথিতে এই কোজাগরী লক্ষ্মী পুজো পালিত হয়। বলা হয় এই পুজো করলে তার ঘরে রাজলক্ষ্মী,ভাগ্য লক্ষ্মী, কুল লক্ষ্মী ও যশ লক্ষ্মী অচলা থাকেন। তার কোনো কিছুরই অভাব থাকে না। জেনে নেওয়া যাক এই ব্রতের পেছনে প্রচলিত কাহিনী। অন্যদিকে জনবিশ্বাস অনুযায়ী এটা মানা হয় যে,দেবী লক্ষ্মীর নামানুসারে আপনার কন্যার নামকরণ করলে তা সংসারে সমৃদ্ধি এবং খুশির জোয়ার বয়ে আনে।

ক্রমশঃ

ভারতে অনুপ্রবেশের চেষ্টার অভিযোগে ২ ভারতীয়সহ ১১ বাংলাদেশি আটক

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ভারতে অনুপ্রবেশের চেষ্টার অভিযোগে ১১ বাংলাদেশিকে আটক করেছে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী(বিএসএফ)। এসময় অবৈধভাবে এই বাংলাদেশি নাগরিকদের ভারতে প্রবেশের সহায়তা করার অভিযোগে আটক করা হয়েছে দুই ভারতীয় দালালকেও। সোমবার সকালে পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার গাইঘাটা থানার তেতুলবেড়িয়া বিএসএফ সীমান্ত চৌকি (বিওপি)- এর অন্তর্গত পিপলি এলাকায থেকে তাদের আটক করা হয়। পরে বিএসএফের পক্ষ থেকে আটক ব্যক্তিদের স্থানীয় গাইঘাটা থানায় হস্তান্তর করা হয়।

বিএসএফ জানিয়েছে, সোমবার সকালে পিপলি এলাকা থেকে ওই বাংলাদেশিরা সীমান্ত পেরিয়ে ভারতে ঢুকেছিল। এমন সময় কর্তব্যরত বিএসএফের ৫ নম্বর ব্যাটেলিয়নে জওয়ানেদের চোখে পড়ে গেলে তাদেরকে আটক করে। জিজ্ঞাসাবাদে আটককৃত ব্যক্তিরা জানায় তারা সবাই বাংলাদেশি। অবৈধভাবে তারা ভারতে প্রবেশ করেছিল। কলকাতা সহ বিভিন্ন রাজ্যে চিকিৎসা ও কাজের প্রয়োজনে তারা এসেছে বলে জানিয়েছে পুলিশ। তবে গ্রেফতারকৃত দুই ভারতীয় নাগরিক কী উদ্দেশ্যে ওখানে জমায়েত করেছিল, তা এখনো পরিষ্কার নয়। এদিকে, সোমবার দুপুরে আটককৃত ব্যক্তিদের বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাদের ১৪ দিনের বিচার বিভাগীয় হেফাজতের (জেল হেফাজতের) নির্দেশ দেন।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

সিনেমার খবর

'গজনি টু' আসছে?



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : বলিউডের মিস্টার পারফেকশনিস্ট আমির খান। তার অভিনীত বহুল আলোচিত সিনেমা 'গজনি'। এ. আর. মুরুগাদোস পরিচালিত এ সিনেমা ২০০৮ সালে মুক্তি পায়। মুক্তির পর বক্স অফিসে যেমন সাড়া ফেলেছিল, তেমনি প্রশংসাও কুড়ায় সিনেমাটি।

'গজনি' মুক্তির পর কেটে গেছে ১৬ বছর। মাঝে কয়েকবার গুঞ্জন চাউর হয়েছে, নির্মিত হবে সিনেমাটির সিক্যুয়েল। কিন্তু তা আর বাস্তবে রূপ নেয়নি। এবার জানা গেল, নির্মিত হতে যাচ্ছে 'গজনি টু'।

একটি সূত্র পিঙ্কভিলাকে বলেন, 'গজনি টু' সিনেমার জন্য ভালো গল্প নিয়ে আসতে বলেছেন আমির খান। এ বিষয়ে প্রযোজক আল্লু অরবিন্দ, মধু মান্তেনা এবং টিমের সদস্যদের সঙ্গে কথা বলেছেন আমির। গল্প চূড়ান্ত হলে, ভারতীয় সিনেমার প্রথম ১০০ কোটি রুপি আয় করা সিনেমার সিক্যুয়েল নির্মাণ করে ইতিহাস তৈরি করবেন। মধু ও তার টিম 'গজনি টু' সিনেমার গল্প নিয়ে নানা আইডিয়া তৈরি করছেন এবং তা আমির খানের সঙ্গে শেয়ার করছেন।

তবে এ বিষয়ে এখনো কোনো ঘোষণা দেননি প্রযোজক কিংবা আমির খান। তা ছাড়া 'গজনি' সিনেমার সিক্যুয়েল নির্মিত হলে, তা কে পরিচালনা করবেন সে বিষয়েও কিছু জানা যায়নি।

'গজনি' সিনেমার সিক্যুয়েল ছাড়াও আরো বেশ কটি প্রজেক্ট নিয়ে কাজ করছেন আমির খান। এ বিষয়ে সূত্রটি বলেন, গত কয়েক মাসে একাধিকবার দেখা করেছেন আমির খান ও লোকেশ কঙ্গরাজ। বেশ কয়েকটি বিষয় নিয়েও আলোচনা করেছেন তারা। এর মধ্যে অন্যতম সুপারহিরো সিনেমা। লোকেশ এখন সিনেমাটির চিত্রনাট্যের কাজ করছেন। সবকিছু ঠিক থাকলে সুপারহিরো সিনেমার শুটিং আগামী বছর শুরু হওয়ার কথা রয়েছে।

আপত্তিকর ভিডিও ভাইরাল, পুলিশে অভিযোগ করলেন অভিনেত্রী

নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : তামিল অভিনেত্রী এবং বিগ বস প্রতিযোগী ওভিয়া হেলেন তার ব্যক্তিগত ভিডিও অনলাইনে ভাইরাল হওয়ার পর থেকেই আলোচনায় রয়েছেন।

তবে অভিনেত্রী জানিয়েছেন, 'ভিডিওটি বিকৃত এবং পুলিশে অভিযোগ করেছেন।'

ওভিয়ার ম্যানেজার নিউজ ১৮-কে জানিয়েছেন, অভিনেত্রীর ভাবমূর্তি নষ্ট করতেই এই ভুয়া ভিডিও অনলাইনে ছড়ানো হয়েছে। তিনি বিষয়টি পুলিশ কমিশনারের কাছে নিয়ে গেছেন এবং দোষীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

আপত্তিকর অবস্থায় এক নারীর ভিডিও অনলাইনে ভাইরালের পর নেটিজেনরা দাবি করেছেন, এটি ওভিয়া। ভিডিওতে ওই নারীর কাঁধে একটি ট্যাটু দেখা গেছে, যা ওভিয়ার মতোই। যদিও কেলেঙ্কারি নিয়ে ওভিয়া আনুষ্ঠানিক কিছু কিছু জানায়নি।

উল্লেখ্য, ওভিয়া ২০০৭ সালে অভিনয়ে আত্মপ্রকাশ করেছিলেন এবং বেশ কয়েকটি মালয়ালম এবং তেলুগু চলচ্চিত্রেও অংশ নিয়েছিলেন। 'কালাকালাপ্পু', 'কলাভানি', 'মনুশ্যামৃগম', 'মুদর কুডাম', 'ক্যাঙ্গারু'র মতো ছবিতে অভিনয় করে খ্যাতি অর্জন করেন তিনি।

মানসিক রোগী আলিয়া!

নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : বলিউডের বর্তমান সময়ের অন্যতম অভিনেত্রী আলিয়া ভাট। প্রায় ১ যুগের অভিনয় ক্যারিয়ারে অসংখ্য দর্শকপ্রিয় সিনেমা উপহার দিয়েছেন। বর্তমানে বলিউডের এই অভিনেত্রী এক জটিল মানসিক রোগে আক্রান্ত। যার কারণে চিকিৎসাও চলে তার। সম্প্রতি এক সাক্ষাৎকারে নিজের রোগের কথা প্রকাশ্যে আনেন এই অভিনেত্রী।

আলিয়া জানান, তিনি 'এডিএইচডি' (অ্যাটেনশন ডেফিসিট হাইপারঅ্যাক্টিভিটি ডিসঅর্ডার) রোগে আক্রান্ত। এই রোগের অন্যতম লক্ষণ হলো মানসিক চাঞ্চল্য, অস্থির ভাব ও অতিরিক্ত উত্তেজনা। কোনো কিছুতে মনোযোগ দিতে বেগ পেতে হয় তাকে। আলিয়া আরো জানান, ছোটবেলায় এই রোগের জন্য একাধিকবার পড়াশোনায় সমস্যায় পড়েন। এই রোগের কারণে ক্লাসরুমে সমস্যায় পড়তে হয়েছিল তাকে। ক্লাস চলাকালীন প্রায়ই অন্যমনস্ক হয়ে পড়তেন আলিয়া। বন্ধুদের সঙ্গে কথা বলতে বলতেও মনঃসংযোগ হারিয়ে ফেলতেন। তার বন্ধুরা বিষয়টা লক্ষ্য করেছিলেন।

কিন্তু কেন এমন হয়, বুঝতে পারতেন না আলিয়া। তবে ক্যামেরার সামনে যখন অভিনয় করেন তখন তার এই সমস্যাটা হয় না। তখন মনোযোগ অক্ষত থাকে। মস্তিষ্কও শান্ত থাকে। বর্তমানে একমাত্র কন্যা রাহার সঙ্গে সময় কাটানোর সময়ও কোনো অসুবিধা হয় না। তার মন স্থির থাকে। নিজের অভিনয়ের কাজ ও মেয়ের সঙ্গ এই দুই সময় মন সবচেয়ে শান্ত থাকে বলে নিজেই জানিয়েছেন আলিয়া।

হোটেলের বারান্দা থেকে পড়ে জনপ্রিয় গায়ক লিয়াম পেইনের মৃত্যু



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : হোটেলের বারান্দা থেকে পড়ে গিয়ে ব্রিটিশ সংগীতশিল্পী ও জনপ্রিয় ব্যান্ড ওয়ান ডিরেকশনের সদস্য লিয়াম পেইন মারা গেছেন। ১৬ অক্টোবর আর্জেন্টিনার রাজধানী বুয়েনস আইরেসের স্থানীয় সময় বিকেল ৫টায় তার মৃত্যু হয়।

পুলিশ জানিয়েছে, আর্জেন্টিনার রাজধানী বুয়েনস আইরেস একটি হোটেলের তৃতীয় তলা থেকে পড়ে গিয়ে মারা যান ৩১ বছর বয়সী এই গায়ক। ধারণা করা হচ্ছে, মাদক বা অ্যালকোহলের প্রভাবে নিজের ওপর নিয়ন্ত্রণ হারিয়েছিলেন পেইন। এরপর হোটেলের বারান্দা থেকে লাফিয়ে পড়েন।

গত ২ অক্টোবর আর্জেন্টিনায় একটি কনসার্টে অংশ নিতে গিয়েছিলেন পেইন। এরপর থেকে দেশটিতেই অবস্থান করছিলেন তিনি। পেইনের মৃত্যুর খবরে সেই হোটেলের বাইরে ভিড় জমান অসংখ্য ভক্ত। তার এমন অকাল মৃত্যু কোনোভাবেই মেনে নিতে পারছেন না তারা। মাত্র ১৬ বছর বয়সে ওয়ান ডিরেকশনের অংশ হন পেইন। একাধিক অ্যালবামে হ্যারি স্টাইল ও জেইন মালিকের সঙ্গে কণ্ঠ দিয়েছেন তিনি। ২০১৬ সালে তাদের ব্যান্ড ভেঙে গেলে এরপর একক পারফর্ম নিয়েই ব্যস্ত থাকতেন এই গায়ক।

নতুন লুকে ভক্তদের চমকে দিলেন রণবীর

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : বলিউড অভিনেতা রণবীর কাপুর। দীর্ঘ ১৭ বছরের ক্যারিয়ারে বিভিন্ন ছবিতে অভিনয় করে ভক্ত-অনুরাগীদের মনে জায়গা করে নিয়েছেন। দর্শক-সমালোচকদের ব্যাপক ভালোবাসা ও প্রশংসা কুড়িয়েছেন তিনি।

সম্প্রতি ইনস্টাগ্রামে সেলিব্রিটি হেয়ার স্টাইলিস্ট আলিম হাকিম রণবীরের নতুন লুকের ছবি শেয়ার করেছেন, যা দেখে সরগরম সোশ্যাল মিডিয়া। অনুরাগীরা মনে করছেন রণবীরের এই লুক হয়তো ধুম ৪ এর জন্য।

আলিম ইনস্টাগ্রামে রণবীরের নতুন লুকের ছবি শেয়ার করেন। আর ক্যাপশনে লেখেন, 'হটনেস অ্যালার্ট' ছবিগুলিতে রণবীরকে ছোট এবং স্লিক চুলের সঙ্গে একটি তীক্ষ্ণ লুকে দেখা গিয়েছে। রণবীরের পরনে ছিল একটি কালো শার্ট। সঙ্গে ছিল মানানসই হালকা দাড়ি ও কুচকুচে কালো সানগ্লাস।

মোট ৩টি ছবি পোস্ট করা হয়েছে। প্রথম ছবিতে রণবীরকে সাইড প্রোফাইলে দেখা যাচ্ছে, ছোট ছোট স্লিক চুলের উপর ফোকাস করা হয়েছে, দ্বিতীয় ছবিতে লুকের ক্লোজ-আপ। তৃতীয় ছবিতে দেখা যাচ্ছে আলিমের সঙ্গে পোজ দিয়েছেন তিনি। আলিমের কাজে খুশি রণবীর, তার অভিব্যক্তিকে সেটা স্পষ্ট।

অনুরাগীরা রণবীরের স্টাইলের খেলায় বেজায় খুশি। তবে এটি অ্যানিম্যাল পার্ক বা ধুম ৪ এর জন্য কিনা সেই নিয়ে দ্বন্দ্বে তারা। কেউ কেউ অনুমান করছেন এটা আবার নতুন কোনও ছবির লুক নয় তো।

একজন কমেন্টে লিখেছেন, 'ধুম ম্যান ইজ হিয়ার।' এক ভক্ত মন্তব্য করেছেন, 'অ্যানিমেল পার্কের প্রস্তুতি। অন্য একজনের কথায়, 'হ্যান্ডসামনেস অন আদার লেভেল।' কেউ লিখেছেন, 'ধুম ৪-এর জন্য।'

রণবীরকে শেষ দেখা গিয়েছিল সন্দীপ রেড্ডি ভাঙার 'অ্যানিমাল' ছবিতে, যা ব্লকবাস্টার হয়। ভক্তরা রণবীরকে এরপর নীতেশ তিওয়ারির 'রামায়ণ'-এ দেখতে পাবেন। এছাড়াও তাঁর হাতে রয়েছে সঞ্জয় লীলা বনশালির 'লাভ অ্যান্ড ওয়ার'। যেখানে আলিয়া ভাট ও ভিকি কৌশলও অভিনয় করেছেন। অপরদিকে 'অ্যানিমেল পার্ক' টাইটেল নিয়ে অ্যানিম্যালের সিক্যুয়েলের কাজও চলছে।

প্রসঙ্গত, রণবীরকে শেষ দেখা গেছে সন্দীপ রেড্ডি ভাঙ্গার 'অ্যানিমাল' ছবিতে যা ব্লকবাস্টার হয়। ভক্তরা রণবীরকে এরপর নীতেশ তিওয়ারির 'রামায়ণ'-এ দেখতে পাবেন। এছাড়াও তার হাতে রয়েছে সঞ্জয় লীলা বনশালির 'লাভ অ্যান্ড ওয়ার'। যেখানে আলিয়া ভাট ও ভিকি কৌশলও অভিনয় করেছেন। অপরদিকে 'অ্যানিমেল পার্ক' টাইটেল নিয়ে অ্যানিম্যালের সিক্যুয়েলের কাজও চলছে।

ইংল্যান্ডের কোচ হতে পেরে গর্বিত টুখেল



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ফুটবল গত কয়েকদিনে সবেচেয়ে আলোচিত ঘটনা ইংল্যান্ডের কোচ হিসেবে টমাস টুখেলের দায়িত্ব গ্রহণ।১৮ মাসের চুক্তিতে ইংল্যান্ড পুরুষ জাতীয় দলের দায়িত্ব নিলেন টুখেল।

এখনই অবশ্য ডাগআউটে থাকছেন না এই জার্মান কোচ। ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশনের ওয়েবসাইটে দেওয়া বিবৃতিতে জানানো হয়েছে, ২০২৫ সালের ১ জানুয়ারি কাজ শুরু করবেন তিনি।

গত জুন-জুলাইয়ে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের ফাইনালে স্পেনের বিপক্ষে হারের পর সরে দাঁড়ান ইংল্যান্ডের সেই সময়ের প্রধান কোচ গ্যারেথ সাউথগেট। অন্তর্বর্তীকালীন দায়িত্বে আছেন লি কার্সলি। তারই উত্তরসূরি হিসেবে যোগ দেবেন টুখেল।

ইংল্যান্ডের তৃতীয় বিদেশি কোচ হলেন তিনি। এর আগে এই দায়িত্বে ছিলেন সদ্য প্রয়াত সুইডিশ কোচ সভেন-গোরান এরিকসন ও ইতালির ফাবিও কাপেলো।

১৭ বছরের কোচিং ক্যারিয়ারে প্রথম কোনো জাতীয় দলের দায়িত্ব নিলেন টুখেল। গত দুই ইউরোয় রানার্সআপ দলটির কোচ হতে পেরে সম্মানিত ৫১ বছর বয়সী এই কোচ,'ইংল্যান্ড দলকে নেতৃত্ব দেওয়ার সম্মান দেওয়ার জন্য আমি গর্বিত বোধ করছি। এই দেশের ফুটবলের সঙ্গে অনেক দিন ধরেই ব্যক্তিগত সংযোগ অনুভব করেছি আমি এবং এর মধ্যে।'

'ইংল্যান্ডের প্রতিনিধিত্ব করার সুযোগ পাওয়া অনেক বড় ব্যাপার এবং এই বিশেষ ও মেধাবী খেলোয়াড়দের সঙ্গে কাজ করাটা দারুণ রোমাঞ্চকর।'

সাবেক এই ডিফেন্ডারের ছয় বছরের পেশাদারখেলোয়াড়ি জীবন উল্লেখযোগ্য কিছু নয়। ২০০৭ সালে কোচিংয়ে নাম লেখান তিনি ৩৪ বছর বয়সে। বরুশিয়া ডর্টমুন্ড, পিএসজি, চেলসি ও বায়ার্ন মিউনিখের মতো ক্লাবের দায়িত্বে ছিলেন তিনি।

তার কোচিংয়ে বরুশিয়া জিতেছে লিগ কাপ, ফরাসি লিগের দুটি শিরোপাসহ পিএসজি জিতেছে ৬টি ট্রফি। তার হাত ধরেই প্রথমবার চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে ওঠে পিএসজি, সেখানে তারা হেরে যায় বায়ার্ন মিউনিখের কাছে।

ইংলিশ ফুটবলে তার পদচারণা শুরু হয় চেলসি দিয়ে। ২০২১ সালের জানুয়ারিতে ফ্র্যাঙ্ক ল্যাম্পার্ডের জায়গায় দায়িত্ব পেয়ে ওই মৌসুমে চেলসিকে চ্যাম্পিয়ন্স লিগ ট্রফি এনে দেন তিনি। তার কোচিংয়ে উয়েফা সুপার কাপ ও ক্লাব বিশ্বকাপও জিতে নেয় চেলসি। কিন্তু তার এই অধ্যায় শেষ হয়ে যায় ২০২২ সালে।

পরের বছর জার্মান ফুটবলে ফেরেন তিনি বায়ার্নের কোচ হয়ে। প্রত্যাশিতভাবেই বুন্ডেসলিগা জয় করে বায়ার্ন। কিন্তু গত মৌসুমে লিগে তৃতীয় হয়ে এক যুগের মধ্যে প্রথমবার লিগ শিরোপা জিততে ব্যর্থ হয় ক্লাবটি। তার বিদায় ঘণ্টাও বেজে যায়।

এবার তিনি শুরু করতে যাচ্ছেন নতুন পথচলা, যেটি সত্যিকার অর্থেই হতে পারে তার ক্যারিয়ারের কঠিনতম চ্যালেঞ্জ। ১৯৬৬ বিশ্বকাপ জয়ের পর এত সুদীর্ঘ সময়ে আর কোনো বড় ট্রফি জিততে পারেনি ইংল্যান্ড। সাউথগেটের কোচিংয়ে টানা দুটি ইউরোর ফাইনালে হেরে গেছে তারা, বিশ্বকাপে থমকে গেছে সেমি-ফাইনালে ও কোয়ার্টার-ফাইনালে। ট্রফির জন্য মরিয়া হয়েই একজন জার্মানকে দায়িত্বে এনেছে ইংল্যান্ডের ফুটবল অ্যাসোসিয়েশন।

এফএ-এর প্রধান নির্বাহী মার্ক বুলিংহ্যামের ভাষায়, তারা বিশ্বের সেরা কোচদের একজনকে নিয়োগ দিয়েছে। এবং তাকে পেয়ে বিশ্বসেরা দল হয়ে ওঠার স্বপ্নও দেখতে শুরু করেছে ইংল্যান্ড,'টমাস ও দলের এখন একটাই লক্ষ্য, ২০২৬ বিশ্বকাপ জয়ের জন্য সর্বোচ্চ চেষ্টা করা।'

সাউথগেটের কোচিংয়ে ২০১৮ বিশ্বকাপে সেমি-ফাইনাল খেলার পর ২০২২ আসরে কোয়ার্টার-ফাইনাল থেকে বিদায় নিয়েছিল ইংল্যান্ড।

২০২৪ ব্যালন ডি'অরের জন্য যাকে যোগ্য মনে করেন মেসি

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : বর্তমান সময়ে ফুটবলের সবচেয়ে সম্মানজনক ব্যক্তিগত পুরস্কার মনে করা হয় ব্যালন ডি'অর কে। চলতি মাসের ২৮ অক্টোবর অনুষ্ঠিত হওয়ার কথা ব্যালন ডি'অরের অনুষ্ঠান। সেই অনুষ্ঠানের আগে পুরস্কারটির যোগ্য দাবিদারের নাম জানালেন রেকর্ড আটবার ব্যালন ডি'অর জয়ী ও বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি।

তার মতে, চলতি বছরের ব্যালন ডি'অর ট্রফি জয়ের একমাত্র যোগ্য ব্যক্তি আর্জেন্টাইন তারকা লাউতারো মার্টিনেজ। খবর গোলডটকম।

লিওনেল মেসি বলেন, সে (লাউতারো) দুর্দান্ত একটি বছর কাটিয়েছে, ফাইনালে গোল করেছে, কোপা আমেরিকায়ও হয়েছে টপ স্কোরার। যে কারও চেয়ে তারই ব্যালন ডি'অর বেশি প্রাপ্য।

শুধু মেসিই নয় এর আগে ব্যালন ডি'অরের জয়ের প্রসঙ্গে কোচ লিওনেল স্কালোনিও নিয়েছেন লাউতারোর নাম। তিনি বলেন, আমার মনে হয় না ব্যালন ডি' অরের জন্য তার (লাউতারো মার্টিনেজ) চেয়ে যোগ্য আর কেউ আছে। নিশ্চিতভাবে এখন না পেলেও, ভবিষ্যতে এটা সে পাবে। তার সামনে এখনো দারুণ ভবিষ্যত অপেক্ষা করছে।

ইতোমধ্যে ফ্রান্স ফুটবল ম্যাগাজিন শিরোপা প্রত্যাশী ৩০ জনের নাম প্রকাশ করেছে। যেখানে জায়গা হয়নি লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনালদো। ফুটবলবোদ্ধারা এবারের ট্রফির পাওয়ার ক্ষেত্রে ফেভারিট মনে করছেন ভিনিসিয়ুস জুনিয়র ও জুড বেলিংহ্যামকে। প্রত্যাশিতভাবেই ৩০ জনের তালিকায় রয়েছে তারা। এ তালিকায় উল্লেখযোগ্যদের মধ্যে আরও আছেন লাউতারো মার্টিনেজ, রদ্রি, এমিলিয়ানো মার্টিনেজ, আরলিং হালান্ড, টনি ক্রুস, লামিন ইয়ামাল, হ্যারি কেন, দানি কারভাহাল ও কিলিয়ান এমবাপ্পের মতো তারকারা।

প্রসঙ্গত, বিগত মৌসুমে ইতালিয়ান লিগে সর্বোচ্চ গোলদাতা হয়েছেন ২৭ বছর বয়সী ফরোয়ার্ড লাউতারো মার্টিনেজ। ইন্টার মিলানের হয়ে লিগ শিরোপা ও ইতালিয়ান সুপারকোপা জিতেছেন। ইতালিয়ান লিগে সর্বোচ্চ গোলদাতা হয়েছেন। জাতীয় দলের জার্সিতে জিতেছেন কোপা আমেরিকার। সেখানেও হয়েছেন টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতা। সঙ্গে ফাইনালে করেছেন একমাত্র গোলটাও।

ধর্ষণের অভিযোগ: এমবাপ্পেকে বিজ্ঞাপন থেকে সরাল রিয়াল

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : আর্থিক দ্বন্দ্বের মধ্যে পিএসজি ছেড়ে রিয়াল মাদ্রিদে আসার পর একের পর এক সমালোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়ে চলেছেন ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পে। চোটের অজুহাত দেখিয়ে নেশন্স লিগে ফ্রান্সের হয়ে না খেলে রিয়ালের জার্সিতে মাঠে নেমে এবং পরে সুইডেনে নৈশক্লাবে সময় কাটিয়ে সমালোচনার জন্ম দেন তিনি।

এবার ধর্ষণ অভিযোগের তদন্ত চলায় তাকে পড়তে হলো খোদ রিয়াল মাদ্রিদের খাঁড়ার নিচে। ঘটনার সূত্রপাত গত বৃহস্পতিবার। আন্তর্জাতিক বিরতিতে ছুটি পেয়ে সেদিন সুইডেনে গিয়েছিলেন এমবাপ্পে। সেখানে তিনি যে হোটেলে ওঠেন, সেখানে নাকি তার অবস্থানকালে ধর্ষণের ঘটনা ঘটে।

সুইডেনের সংবাদপত্র আফটনব্লাডেট সর্বপ্রথম ওই ধর্ষণের অভিযোগ প্রকাশ্যে আনে। তবে, অভিযুক্তের নাম খোলাসা করেনি তারা। এরপর আফটনব্লাডেটের বরাত দিয়ে রোববার ফ্রান্সে খবরটি প্রচার করে ফরাসি ক্রীড়া বিষয়ক সংবাদমাধ্যম আরএমসি স্পোর্ট।

এমবাপে ওই ঘটনার সঙ্গে জড়িত কি না, তা উল্লেখ না করে ঘটনাটি নিয়ে সুইডিশ পুলিশ তদন্ত শুরু করেছে বলে খবর প্রকাশ করে সংবাদমাধ্যমটি। এমবাপে পুলিশি তদন্তের আওতায় রয়েছেন কি না, খবরে তাও স্পষ্ট করা হয়নি।

তবে, এ নিয়ে আরএমসির স্পোর্টের ওপর ক্ষোভ ঝাড়েন রিয়াল মাদ্রিদ তারকা। সোমবার এক্স পোস্টে তিনি 'খবরটি ভুয়া' বলে উল্লেখ করেন। কিন্তু তা সত্ত্বেও তাকে নিয়ে ঝুঁকি নেয়নি রিয়াল মাদ্রিদ।

'আর্টিস্ট প্যাক' নামে একটি নতুন পোশাকের ব্র্যান্ড চালু করেছে মাদ্রিদ জায়ান্টরা। রিয়াল মাদ্রিদ ফাউন্ডেশনের কর্মকাণ্ড, বিশেষ করে সংস্থাটির দাতব্য কাজ প্রচারের উদ্দেশ্যে এই ব্র্যান্ডের যাত্রা শুরু হয়েছে।

এ উপলক্ষে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্র্যান্ডের লোগো-সংবলিত পোশাক পরা অবস্থায় ক্লাবের খেলোয়াড়দের বেশ কিছু ছবি পোস্ট করেছে রিয়াল, কিন্তু কোথাও এমবাপ্পেকে লক্ষ্য করা যায়নি। ঘটনার শেষ এখানেই নয়। এ বিষয়টি নিয়ে জুড বেলিংহ্যামের একটি পোস্ট বিতর্কের জন্ম দিয়েছে।

বেলিংহ্যামের পোস্ট থেকে এটি বোঝা যাচ্ছে যে, উদ্দেশ্যমূলকভাবে এমবাপেকে ব্র্যান্ডের প্রমোশনে রাখেনি রিয়াল মাদ্রিদ। এমনকি ব্র্যান্ডের ফটোসেশনের সময় তিনি থাকলেও পরে তাকে বাদ দেয়া হয়েছে। গ্রুপ ছবি থেকেও তাকে এডিট করে সরিয়ে দেয়া হয়েছে।

রিয়াল মাদ্রিদ ব্র্যান্ডের প্রোমোশনাল ছবি প্রকাশের পাশাপাশি ইনস্টাগ্রামে একই ছবি প্রকাশ করে বেলিংহ্যাম লেখেন, 'এমন বিশেষ কিছুর অংশ হতে পেরে সত্যিই গর্বিত।'

তবে তার পোস্ট করা ছবিটি ছিল এডিট করার আগের, যেখানে এমবাপ্পেকে দেখা গেছে। অবশ্য, ছবিটি প্রকাশের পরপরই তিনি ডিলিট করে দিলেও ততক্ষণে অনেকেই তার স্ক্রিনশট নিয়ে ফেলেছেন। ফলে রিয়াল মাদ্রিদ এমবাপেকে প্রমোশন থেকে মুছে ফেলার বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়ে যায়।

এ নিয়ে স্পোর্টস জোন নামের একটি সংবাদমাধ্যম ব্যাখ্যা দিয়েছে, 'আর্টিস্ট প্যাকের' ব্র্যান্ডিং করেছে অ্যাডিডাস। কিন্তু এমবাপে নাইকির দূত হওয়ায় তাকে বিজ্ঞাপন থেকে সরিয়ে দেয়া হয়েছে। অথচ তারই স্বদেশি ও ক্লাব সতীর্থ এদুয়ার্দো কামাভিঙ্গাও নাইকির দূত। কিন্তু বিজ্ঞাপনের ছবিতে স্থান পেতে সমস্যা হয়নি তার।

এদিকে, অভিযোগের বিরুদ্ধে নিজের অবস্থান পরিষ্কার করে সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ একটি পোস্টও করেন এমবাপ্পে। সেখানে তিনি বলেন, সুইডিশ ওই গণমাধ্যমের সঙ্গে সম্পৃক্ততা আছে পিএসজির। তার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে। পিএসজির কাছে ৫৫ মিলিয়ন ইউরো বেতন বকেয়া থাকায় ক্লাবের বিরুদ্ধে মামলা করেন এই ফরাসি ফরোয়ার্ড। আর ধর্ষণের বিষয়টিও নাকি ওই মামলার সঙ্গে সম্পৃক্ত। এমন ধারণাই করছেন এমবাপ্পে।

বদলে যাচ্ছে চার দশকের অ্যাশেজের সেই রীতি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : অস্ট্রেলিয়ার মাটিতে অ্যাশেজ সিরিজের প্রথম টেস্ট ব্রিজবেনে হয়ে আসছিল চার দশকের বেশি সময় ধরে। এবার বদলে যাচ্ছে সেই রীতি। ২০২৫-২৬ অ্যাশেজের প্রথম টেস্ট হবে পার্থে। ৪৩ বছর পর এই শহরে শুরু হবে ক্রিকেটের সবচেয়ে পুরোনো দ্বৈরথ অ্যাশেজ।

ঘরের মাঠে আগামী অ্যাশেজ সিরিজ শুরুর ১৩ মাস আগেই বুধবার সূচি ঘোষণা করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া। ২০২৫ সালের ২১ নভেম্বর পার্থ স্টেডিয়ামে শুরু হবে প্রথম টেস্ট। অ্যাশেজে অস্ট্রেলিয়ার অষ্টম ভেন্যু হতে যাচ্ছে এটি। এই মাঠে এখন পর্যন্ত হওয়া চারটি টেস্টেই বড় ব্যবধানে জিতেছে অস্ট্রেলিয়া।

১৯৮২-৮৩ মৌসুমের পর প্রথমবার ব্রিজবেনের গ্যাবার বাইরে কোনো মাঠে অ্যাশেজ শুরু হবে অস্ট্রেলিয়ায়। ওই মৌসুমে প্রথম টেস্ট হয়েছিল পার্থের ওয়াকা স্টেডিয়ামে। ২০১৭ সালের পর থেকে এই মাঠে আর টেস্ট খেলে না অস্ট্রেলিয়া। ২০১৮ সাল থেকে পার্থ শহরে টেস্ট হয় পার্থ স্টেডিয়ামে। অপটাস স্টেডিয়ামে নামেও পরিচিত এটি। ওয়াকায় অস্ট্রেলিয়ার বিপক্ষে ১৪ টেস্ট খেলে কেবল একবারই জিততে পেরেছে ইংল্যান্ড, সেটিও সেই ১৯৭৮ সালে।

ব্রিজবেনের গ্যাবায় দ্বিতীয় টেস্ট শুরু হবে ৪ ডিসেম্বর। এই টেস্ট হবে দিবা-রাত্রির, গোলাপি বলে। ২০৩২ সালের ব্রিজবেন অলিম্পিকসের জন্য সংস্কার পরিকল্পনার কারণে গ্যাবার ভবিষ্যৎ নিয়ে তৈরি হয়েছে অনিশ্চয়তা। ২০২৬-২৭ মৌসুম থেকে এখানে কোনো টেস্ট ম্যাচের সূচি না রাখায় আসন্ন অ্যাশেজ টেস্ট হতে পারে এই মাঠের শেষ টেস্ট। ১৯৬০ সালের 'টাই' ম্যাচ, শেন ওয়ার্নের ৮ উইকেটের ক্যারিয়ার সেরা বোলিং, জন্মদিনে পিটার সিডলের হ্যাটট্রিকসহ টেস্ট ক্রিকেটের অনেক স্মরণীয় মুহূর্তের সাক্ষী এই মাঠ। গ্যাবায় ইংল্যান্ডের বিপক্ষে ২২ টেস্ট খেলে ১৩টি জিতেছে অস্ট্রেলিয়া। ১৯৮৬ সালের পর থেকে চিরপ্রতিদ্বন্দ্বীদের বিপক্ষে এখানে তারা হারেনি।

১৭ ডিসেম্বর তৃতীয় টেস্ট শুরু হবে অ্যাডিলেইড ওভালে। মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে বক্সিং ডে টেস্ট শুরু ২৬ ডিসেম্বর। আর পঞ্চম ও শেষ টেস্ট হবে সিডনি ক্রিকেট গ্রাউন্ডে, শুরু ৪ জানুয়ারি। ঘরের মাঠে সবশেষ অ্যাশেজে ২০২১-২২ মৌসুমে অস্ট্রেলিয়া জিতেছিল ৪-০ ব্যবধানে। গত বছর ইংল্যান্ডের মাটিতে ২-২ ড্র করে 'ছাইদানি' ধরে রাখে তারা। ২০১০-১১ মৌসুমে অ্যান্ড্রু স্ট্রাউসের নেতৃত্বে ৩-১ ব্যবধানে জয়ের পর অস্ট্রেলিয়ার মাটিতে আর অ্যাশেজ সিরিজ জিততে পারেনি ইংল্যান্ড।

আইসিসির 'হল অব ফেমে' তিন কিংবদন্তি ক্রিকেটার

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : আইসিসির হল অব ফেমে সর্বশেষ সংযোজন তিন ক্রিকেটার ইংল্যান্ডের অ্যালিস্টার কুক, ভারতের নিতু ডেভিড এবং দক্ষিণ আফ্রিকার এবি ডি ভিলিয়ার্স। ক্রিকেটে বিশাল অবদানের জন্য এমন সম্মাননা পেলেন তিন ক্রিকেটার। হল অব ফেমের ১১৩, ১১৪ এবং ১১৫তম সদস্য হলেন এই তিন ক্রিকেটার। বুধবার ১৬ অক্টোবর নিজেদের ওয়েবসাইটে এই তিনজনকে হল অব ফেমে অন্তর্ভুক্ত করার কথা জানিয়েছে আইসিসি।

৩৯ বছর বয়সী অ্যালিস্টার কুক ২০০৬ থেকে ২০১৮ সালের মধ্যে ইংল্যান্ডের হয়ে তিন সংস্করণ মিলিয়ে ২৫৭ ম্যাচ খেলেছেন, করেছেন ১৫৭৩৭ রান। অন্যদিকে আধুনিক ক্রিকেটের সবচেয়ে উদ্ভাবনী ও বিধ্বংসী ব্যাটসম্যান ডি ভিলিয়ার্স ২০১৮ সালে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বলার আগে দক্ষিণ আফ্রিকা ও আফ্রিকা একাদশের হয়ে ৪২০ ম্যাচ খেলেছেন, করেছেন ২০০১৪ রান।

গত বছর প্রথম ভারতীয় নারী ক্রিকেটার হিসেবে আইসিসির হল অব ফেমে জায়গা করে নিয়েছিলেন ডায়ানা এদুলজি। তার পথ ধরে এবার এই সম্মানজনক স্বীকৃতি পেলেন ৪৭ বছর বয়সী নীতু ডেভিড।

ভারতের সাবেক স্পিনার নীতু দেশের হয়ে ১৯৯৫ থেকে ২০০৮ সালের মধ্যে টেস্ট ও ওয়ানডে মিলিয়ে ১০৭ ম্যাচ খেলেছেন। ওয়ানডেতে তিনি ভারতের দ্বিতীয় সর্বোচ্চ উইকেট শিকারি (১৪১)। দেশটির প্রথম নারী খেলোয়াড় হিসেবে তিনি এই সংস্করণে ১০০ উইকেটের মাইলফলক স্পর্শ করেছেন তিনি।

দুবাইয়ে কার হাত ধরে ঘুরছেন সানিয়া মির্জা!

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : দুবাইয়ের মলে প্রিয়জনের হাত ধরে ঘুরতে দেখা গেল ভারতের সাবেক টেনিস তারকা সানিয়া মির্জাকে। তবে সেই প্রিয় মানুষ আর কেউ নয়, সানিয়ার পুত্র ইজহান। দুবাইয়ের এক মলে সানিয়ার ছেলের সঙ্গে কাটানো সময়ের একটি ভিডিও ইনস্টাতে পোস্ট করেছেন টেনিস তারকার বোন অনম মির্জা। সেই ভিডিও ইতিমধ্যেই ভাইরাল হয়েছে।

পরিবারের সঙ্গে বর্তমানে দুবাইয়ে রয়েছেন সানিয়া। দুবাইয়ে কাটানো বিভিন্ন মুহূর্তের ছবি ধারাবাহিক ভাবে সমাজমাধ্যমে পোস্ট করে চলেছেন তিনি। সে রকমই একটি ভিডিওতে দেখা গিয়েছে, দুবাইয়ের একটি মলের মধ্যে পুত্র ইজহানের হাত ধরে হাঁটছেন সানিয়া। সঙ্গে রয়েছেন বোন অনম এবং তার কন্যা।

সানিয়ার এক হাতে পুত্রের হাত ধরা। অন্য হাত দিয়ে বোনের হাত ধরে রেখেছেন। নেপথ্যে বলিউড গান 'তু হ্যায় তো' বাজছে। সেই ভিডিও প্রকাশ্যে এসেছে সম্প্রতি। এছাড়া পুত্রের ফুটবল খেলার একটি ছবিও ইনস্টাগ্রামে পোস্ট করেছেন সানিয়া।

উল্লেখ্য, ২০১০ সালে সাবেক পাক ক্রিকেটার শোয়েব মালিকের সঙ্গে বিয়ে হয়েছিল সানিয়ার। তাদের বিচ্ছেদও হয়ে গিয়েছে। তারপর থেকেই নতুন করে চর্চায় রয়েছেন সানিয়া। সেই আবহে গুজব ছড়িয়েছিল, দ্বিতীয় বিয়ে করতে পারেন সানিয়া। তবে তা গুজবের স্তরেই রয়ে গিয়েছে। বিষয়টিকে পাত্তা দেননি তিনি।

রোনালদোর হ্যাটট্রিকের রেকর্ডে ভাগ বসালেন মেসি



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : রেকর্ডের রাজপুত্র লিওনেল মেসি। কতশত মাইলফলক যে লুটোপুটি খেয়েছে তার পদতলে, তার কোনো ইয়ত্তা নেই। মঙ্গলবার রাতে আরও একটি রেকর্ডে ভাগ বসালেন আর্জেন্টাইন ফুটবল জাদুকর। এ নিয়ে আন্তর্জাতিক ফুটবলে দশম হ্যাটট্রিকের দেখা পেয়ে গেলেন মেসি। আর এতে রোনালদোর রেকর্ড ছুঁয়ে ফেললেন আর্জেন্টাইন কিংবদন্তি। ২০২১ সালে লুক্সেমবার্গের বিরুদ্ধে পর্তুগালের জার্সিতে দশম হ্যাটট্রিক হাঁকিয়ে ছিলেন রোনালদো।

বুয়েনস এইরেসের মনুমেন্তালে গোল উৎসব করল আর্জেন্টিনা। লিওনেল মেসির জাদুতে বিশ্বকাপ বাছাই পর্বে বলিভিয়াকে আজ বুধবার সকালে ৬-০ গোলে বিধ্বস্ত করেছে আলবিসেলেস্তেরা। ম্যাচের নায়ক মেসি নিজেই। প্রিয় জন্মভূমিকে হ্যাটট্রিক পারফরম্যান্স উপহার দিয়েছেন। সতীর্থদের ২ গোলেও রেখেছেন অবদান।

কলম্বিয়ার কাছে হারের তেতো স্বাদ হজম করেছিল বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা। আর গত ম্যাচে ভেনেজুয়েলার মাঠে আর্জেন্টিনা খেয়ে বসে হোঁচট। জয়ের ছন্দে ফিরতে মেসি, লাউতারো মার্তিনেজ ও হুলিয়ান আলভারেজকে নিয়ে শক্তিশালী আক্রমণভাগ সাজিয়ে সফল হলেন কোচ লিওনেল স্কালোনি।

স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR